Website: www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

ডিএফআইএম সার্কুলার লেটার নং- ১১

অক্টোবর ৩০, ২০১৪
তারিখ ঃ -------------------
কার্তিক ১৫, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান ।

প্রিয় মহোদয়,

**আর্থিক প্রতিষ্ঠানের নতুন শাখা স্থাপনের নীতিমালা প্রসঙ্গে ।**

শিরোনামোক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০৭, তারিখ ঃ জুন ২৮, ২০১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

আর্থিক প্রতিষ্ঠানসমূহের নতুন শাখা স্থাপনের নীতিমালা যথোপযোগী করার লক্ষ্যে উক্ত সার্কুলারের অনুচ্ছেদ খ(৫) নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হলো ঃ

**অনুচ্ছেদ খ(৫) ঃ ঢাকা ও ঢাকার বাইরে নতুন শাখা স্থাপনের অনুপাত :**

(ক) এখন থেকে নতুন শাখা খোলার অনুপাত হবে ১ঃ২ অর্থাৎ ঢাকায় স্থাপিত একটি শাখার বিপরীতে ঢাকার বাইরে দু'টি শাখা খুলতে হবে এবং এ শর্ত পূরণ না হওয়া পর্যন্ত ঢাকায় নতুন শাখা খোলার আবেদন বিবেচনা করা হবে না; এবং

(খ) ৩টির চেয়ে কম শাখা রয়েছে এরূপ আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঢাকায় ৩টি পর্যন্ত শাখা খোলার আবেদন বিবেচনা করা যাবে । তবে পরবর্তীতে উক্ত ৩টি শাখার বিপরীতে ঢাকার বাইরে ৬টি শাখা খুলতে হবে ।

তাছাড়া, উক্ত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক নতুন শাখা খোলার জন্য ফরম-৩ এর সাথে নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবে ঃ

(১) নতুন শাখা খোলার স্বপক্ষে পর্ষদের অনুমোদনের কপি;
(২) প্রতিষ্ঠানটির বিগত ৩ বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী (প্রযোজ্যক্ষেত্রে);
(৩) প্রস্তাবিত শাখার ৩ বছরের সম্ভাব্য আয়-ব্যয়ের প্রক্ষেপণ;
(৪) প্রস্তাবিত শাখার জন্য অফিস স্পেস ও সাজসরঞ্জাম সংগ্রহে প্রধান নির্বাহী বা পরিচালকগণের স্বার্থ-সংশ্লিষ্টতার বিষয়ে ঘোষণা;
(৫) প্রধান নির্বাহী/পরিচালকগণের মধ্যে খেলাপী ঋণ/লীজ গ্রহীতা আছে কি না এ বিষয়ে ঘোষণা (ক্লীন সিআইবি রিপোর্টসহ);
(৬) প্রস্তাবিত শাখা খোলার সম্ভাব্য প্রারম্ভিক ব্যয়ের খাত-ওয়ারী বিবরণ;এবং
(৭) আর্থিক প্রতিষ্ঠান আইন,১৯৯৩ এর কোনো ধারার অধীনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা বা কোনো পরিচালক কোনো আর্থিক দন্ডে দন্ডিত হয়েছেন কি না ।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে ।

আপনাদের বিশ্বস্ত,

(মো. শাহ আলম)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১৭৮